

কর্মক্ষেত্র কলকাতা, ১৫ জুন ২০২২/৩

২৫০০ আশা কর্মী নিয়োগের সিদ্ধান্ত

নিজস্ব প্রতিনিধি: ৬ জুন রাজ্য মন্ত্রিসভায় পশ্চিমবঙ্গ ছুড়ে ২,৫০০ আশা কর্মী (অ্যাফ্রেডিটেড সোশ্যাল হেলথ অ্যাক্টিভিস্ট) নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নিয়োগের প্রক্রিয়া শুরু হবে শীঘ্রই।

প্রসঙ্গত, আশা কর্মী নিয়োগের জন্য কেন্দ্রীয় ভাবে বিজ্ঞপ্তি প্রকাশিত হয় না। জেলাভিত্তিক বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়ে থাকে। নিয়োগ হয় সংশ্লিষ্ট জেলার বিভিন্ন ব্লকের নানা গ্রামের উপর্যুপ কর্ত্রে। আগাম প্রস্তুতির সুবিধার জন্য এখানে নিয়োগের শর্তাবলি সম্পর্কে জানানো হল।

প্রয়োজনীয় যোগ্যতা: শুধু বিবাহিত, বিধবা ও আইনত বিবাহবিচ্ছিন্না মহিলারা আবেদনের যোগ্য। প্রার্থী যে-গ্রামের স্থায়ী বাসিন্দা, সেখানকার শূন্যপদে আবেদন করতে পারবেন। প্রমাণ হিসেবে রেশন কার্ড বা ভোটার পরিচয়পত্র অথবা সংশ্লিষ্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসারের কাছ থেকে সংগৃহীত নির্দিষ্ট গ্রামের স্থায়ী বাসিন্দার সার্টিফিকেট থাকতে হবে। বিবাহবিচ্ছিন্নাদের ক্ষেত্রেও আইনি সার্টিফিকেট দরকার হবে।

মাধ্যমিক পরীক্ষায় বসে থাকলেই আবেদন করা যায়। মাধ্যমিক পাশ প্রার্থীরা নিয়োগের ক্ষেত্রে এগিয়ে থাকেন। উচ্চতর শিক্ষাপত্ন যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা বাছাইয়ের ক্ষেত্রে গণ্য হবেন না।

বয়স হতে হবে নির্দিষ্ট করে দেওয়া তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে। তফসিলিরা ২২ বছর বয়স হলেই আবেদন করতে পারেন।

প্রার্থী বাছাই হয়ে থাকে মাধ্যমিক বা সমতুল পরীক্ষার পাওয়া নম্বরের ভিত্তিতে ও একটি ইন্টারভিউয়ের মাধ্যমে। বেতন: ৬,০০০ টাকা।

আশা কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'য় সে খবর জানানো হয়ে থাকে। প্রার্থীরা নিয়মিত ভাবে নিজের নিজের জেলার সরকারি ওয়েবসাইটে নজর রাখতে পারেন। জেলাপরিষদ, ব্লক ডেভেলপমেন্ট অফিস থেকেও নিয়োগের খবর পাওয়া যেতে পারে।